

জবির মার্কেটিং বিভাগের চেয়ারম্যানকে অপসারণ, দায়িত্বে ডিন

জগন্নাথ
বিশ্ববিদ্যালয়
সংবাদদাতা

১৯ আগস্ট,
২০২৪ ২৩:২০

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

শিক্ষার্থীদের দাবির মুখে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) মার্কেটিং বিভাগের চেয়ারম্যান জহির উদ্দিন আরিফকে
অপসারণ করে অনুষদের ডিনকে পরবর্তী উপাচার্য নিয়োগ না হওয়া পর্যন্ত চেয়ারম্যানের দায়িত্ব দেওয়া হয়েছে।

সোমবার (১৯ আগস্ট) আন্দোলনরত শিক্ষার্থীরা প্রশাসনিক ভবন ঘেরাও করলে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. হুমায়ুন কবির চৌধুরী বিভাগটির শিক্ষক, অনুষদের ডিনের সঙ্গে বসে এই সিদ্ধান্ত নেন।

কোষাধ্যক্ষ হুমায়ুন কবির চৌধুরী বলেন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদটা তো বর্তমানে শূন্য। উপাচার্য নিয়োগ না হওয়া পর্যন্ত বিজনেস অনুষদের ডিন মো. মঞ্জুর মুর্শেদ ভুঁইয়াকে বিভাগটির দায়িত্ব দেওয়া হয়েছে।

এ সিদ্ধান্ত আসার পর আন্দোলনরত শিক্ষার্থীরা প্রশাসনিক ভবন ছেড়ে দিয়ে মিছিল নিয়ে চলে যায়। এসময় শিক্ষার্থীরা-পলাইছে রে পলাইছে, মার্কেটিংয়ের চেয়ারম্যান পলাইছে বলে স্নোগান দিতে থাকে।

এর আগে, গতকাল মার্কেটিং বিভাগের চেয়ারম্যান জহির উদ্দিনের পদত্যাগের দাবিতে ভাষা শহীদ রফিক ভবনের সামনে বিক্ষোভ কর্মসূচি পালন করেছিল শিক্ষার্থীরা। বিভাগের শিক্ষার্থীরা একটি বিবৃতি দিয়েছিল।

বিবৃতিতে বলা হয়েছিল, আমরা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের সকল শিক্ষার্থী, গভীর উদ্দেগ ও ক্ষেত্রের সঙ্গে এই বিবৃতি প্রকাশ করছি যে, আমাদের চেয়ারম্যান চলমান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে সাধারণ শিক্ষার্থীর বিপক্ষে অবস্থান করেন এবং আন্দোলনে যুক্ত শিক্ষার্থীদের সঙ্গে ভয়ভীতিমূলক আচরণ করেন।

এ ছাড়াও চেয়ারম্যান জহির উদ্দিন আরিফের কারণে বিভাগের শিক্ষার মান হ্রাস পেয়েছে এবং শিক্ষার্থীদের অধিকার লঙ্ঘিত হচ্ছে। যার মাধ্যমে শিক্ষার্থীরা অবহেলার শিকার হয়ে আসছে।

